

বিশ্ববিদ্যালয়ের অভিভাবকত্ব ইউজিসিকে আরো দায়িত্বশীল হতে হবে

দেশের বিশ্ববিদ্যালয়গুলোর উন্নয়নে যে প্রতিষ্ঠানটির মাধ্যমে প্রতিবছর বড় অঙ্কের টাকা খরচ হয়, সেই ইউজিসির কাজ এখন প্রশ্নবিদ্ধ। পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে রয়েছে নানা ধরনের সমস্যা। বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর কয়েকটি ছাড়া বেশির ভাগেরই লেখাপড়ার মান নিয়ে প্রশ্ন আছে। কিন্তু এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের দৃষ্টিগ্রাহ্য কোনো ভূমিকা আছে বলে মনে হয় না। ক্ষেত্রবিশেষে প্রতিষ্ঠানটির স্বাধীনতাও প্রশ্নবিদ্ধ হয়। শিক্ষার মান নিয়ে উচ্চশিক্ষা কমিশনের কাছে কাউকে জবাবদিহি করতে হয়েছে, এমন-লোনা যায়নি। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন বা ইউজিসি যেকোনো বিশ্ববিদ্যালয়ের কাছে জবাবদিহিতা চাইতে পারে। প্রতিষ্ঠানটি কেবল কিছু সুপারিশের মধ্যেই নিজেদের সীমাবদ্ধ রেখে দিয়েছে।

প্রতিবছর দেশের উচ্চ মাধ্যমিক পাস করা সব-শিক্ষার্থী পাবলিক বিশ্ববিদ্যালয়ে বা নিজেদের পছন্দের বিষয়ে ভর্তি হতে পারে না। পছন্দের বিষয়ে উচ্চশিক্ষার জন্য তারা বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়। কিন্তু সব বেসরকারি বিশ্ববিদ্যালয়ের লেখাপড়ার মান যেমন এক নয়, তেমনি সব পাবলিক বিশ্ববিদ্যালয়ে একই মানের লেখাপড়া হয়, এমনও বলা যাবে না। শিক্ষার্থীদের মানসম্মত শিক্ষা নিশ্চিত করা বিশ্ববিদ্যালয়গুলোর দায়িত্ব। কিন্তু সে দায়িত্ব উচ্চশিক্ষার প্রতিষ্ঠানগুলো কতটুকু পালন করছে, তা নিয়ে প্রশ্ন তোলার যথেষ্ট সংগত কারণ আছে। উচ্চশিক্ষা নিতে আসা শিক্ষার্থীরা মানসম্মত শিক্ষা না পেলে বা তাদের শিক্ষা কোনোভাবে বাধাগ্রস্ত হলে তাতে শুধু যে শিক্ষার্থীরাই ক্ষতিগ্রস্ত হচ্ছে, তা নয়। এতে রাষ্ট্রও ক্ষতিগ্রস্ত হচ্ছে। রাষ্ট্রের অর্থ ব্যয় হলেও মানসম্মত শিক্ষা নিশ্চিত না হওয়ায় সে অর্থ বিফলে যাচ্ছে। একই সঙ্গে একটি প্রজন্ম তৈরি হচ্ছে, যাদের শিক্ষার মান নিয়ে প্রশ্ন তোলা যেতে পারে। এ বিষয়গুলো দেখার প্রয়োজন আছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন মানসম্মত শিক্ষা ও বিশ্ববিদ্যালয়গুলো সম্পর্কে নানা সুপারিশ করতে পারে। উচ্চশিক্ষা বিস্তারের স্বার্থে সেই সুপারিশ বাস্তবায়নের দায়িত্ব রাষ্ট্রের। রাষ্ট্র সেই দায়িত্ব সঠিকভাবে পালন করছে কি না, সেটাই বিবেচনার বিষয়। শিক্ষা নিয়ে বাণিজ্যের অভিযোগও রয়েছে অনেক প্রতিষ্ঠানের বিরুদ্ধে; সে ক্ষেত্রেও আইন অনুযায়ী ব্যবস্থা নিতে হবে। আমরা আশা করব, ইউজিসি যেমন দায়িত্বশীলতার পরিচয় দেবে, তেমনি রাষ্ট্র সঠিকভাবে নিয়ন্ত্রকের ভূমিকা পালন করবে।